

ঢাকা ওয়াসা

সংযুক্তিঃ ১। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।

সংযুক্তিঃ ২। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্তিঃ ৩। সংশোধিত PPR-2025 এর কপি।

সংযুক্তিঃ ৪। বর্তমান বাজার দর।

সংযুক্তিঃ ৫। প্রস্তাবিত প্রাক্কলন।

বিষয়ঃ Procurement of network spare parts for CCTV & SCADA Monitor system for IRP#1 area under SKWP
কাজটির অনুমোদন প্রসঙ্গে।

১। সাভার করোনীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৬ টি গভীর নলকূপ (তন্মধ্যে ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লানটির পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্তা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৪ (চৌদ্দ) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়। আলোচ্য প্লান্টের IRP#1 এর আওতাধীন বিভিন্ন নলকূপ কম্পাউন্ডের সিসিটিভি সিস্টেম ডাউন হয়ে গিয়েছে। উক্ত সিস্টেম চেক ও এনালাইসিস করে দেখা গিয়েছে কিছু SPF Module, Patch Cord & ATOP Module নষ্ট হয়ে গিয়েছে জরুরী ভিত্তিতে পরিবর্তন করা প্রয়োজন। এছাড়া স্ক্যাডা কন্ট্রোল রুমের ওয়াল মাউন্টেড মনিটর ডিসপ্লেগুলোর সংযোগ স্প্লিটার গুলো নষ্ট হয়ে যাওয়ায় জরুরী ভিত্তিতে পরিবর্তন করা প্রয়োজন। অন্যথায় ওয়াল মাউন্টেড মনিটর ডিসপ্লেগুলোতে ভিউ দেখা যাচ্ছে না। উল্লেখ্য, উল্লেখিত খুচরা যন্ত্রাংশ অত্র বিভাগের উপ-ভান্ডারে নাই। উক্ত মালামাল গুলো সংগ্রহ করা হলে প্লান্টের নিজস্ব জনবল দিয়ে পরিবর্তন কাজটি সম্পন্ন করা হবে।

২। সেপ্রেমিতে উপরোক্ত মালামালগুলো সংগ্রহ করার জন্য পূর্বানুমোদিত বাজার দর ও বর্তমান বাজারদরের ভিত্তিতে (সংযুক্তিঃ ০৩) একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ৩৯,৮৮০/- (টাকা উনচল্লিশ হাজার আটশত আশি) মাত্র (সংযুক্তিঃ ০৪)। আলোচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)' খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৭ (সংযুক্তিঃ ০২) হতে নির্বাহ করা হবে।

৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ ও অনুচ্ছেদ ১.১ এর বর্ণনানুযায়ী CCTV system মেরমত করার জন্য SPF Module, Patch Cord, ATOP Module ও HDMI Splitter ক্রয় করার জন্য আলোচ্য Procurement of network spare parts for CCTV & SCADA Monitor system for IRP#1 area under SKWP কাজের আওতায় সর্বমোট টাঃ ৩৯,৮৮০/- (টাকা উনচল্লিশ হাজার আটশত আশি) টাকার প্রাক্কলনটি (সংযুক্তিঃ ০৪) অনুমোদনসহ কাজটি PPO (Revised) 2025 এবং PPR-2025 এর বিধি ১০০ (১) মোতাবেক সরাসরি ক্রয়ের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২১/১০/২০২৫

মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী

সাভার-কোরোনীগঞ্জ ওয়েলফিল্ড প্রকল্প, ঢাকা ওয়াসা

জাফর ইকবাল চৌধুরী
সহকারী প্রকৌশলী
সাভার-কোরোনীগঞ্জ ওয়েলফিল্ড প্রকল্প, ঢাকা ওয়াসা

মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কোরোনীগঞ্জ ওয়েলফিল্ড প্রকল্প, ঢাকা ওয়াসা।

২১/১০/২০২৫
মিজা গোলাম কিবরিয়া
উপসহকারী প্রকৌশলী
পানি ও পয়ঃশোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

২৪/১০/২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা